# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১৫

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ জামা'আতের ফযীলত।

باب مَا جَاءَ فِي فَضْلِ الْجَمَاعَةِ

আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا عَبْدَةُ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ، عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ عُمَرَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " صَلاَةُ الْجَمَاعَةِ تَفْضُلُ عَلَى صَلاَةِ الرَّجُلِ وَحْدَهُ بِسَبْعٍ وَعِشْرِينَ دَرَجَةً " . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ وَأُبَىِّ بْنِ كَعْبٍ وَمُعَاذِ بْنِ جَبَلٍ وَأَبِي سَعِيدٍ وَأَبِي هُرَيْرَةَ وَأَنَسِ بْنِ مَالِكٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ ابْنِ عُمَرَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَهَكَذَا رَوَى نَافِعٌ عَنِ ابْنِ عُمَرَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ قَالَ " تَفْضُلُ صَلاَةُ الْجَمِيعِ عَلَى صَلاَةِ الرَّجُلِ وَحْدَهُ بِسَبْعٍ وَعِشْرِينَ دَرَجَةً " . قَالَ أَبُو عِيسَى وَعَامَّةُ مَنْ رَوَى عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم إِنَّمَا قَالُوا " خَمْسٍ وَعِشْرِينَ " . إِلاَّ ابْنَ عُمَرَ فَإِنَّهُ قَالَ " بِسَبْعٍ وَعِشْرِينَ " .

বাংলা

২১৫. হান্নাদ (রহঃ) ..... ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন জামা'আতে সালাত আদায় করা একা আদায় করা অপেক্ষা সাতাশগুণ বেশি মর্যাদা রাখে। - ইবনু মাজাহ ৭৮৯, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২১৫ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবদুল্লাহ ইবনু মাসউদ, উবায়্য ইবন কাব, মুআয ইবন জাবাল, আবূ সাঈদ, আবূ হুরায়রা ও আনাস ইবনু মালিক রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ ইবনু উমর (রা বর্ণিত হাদিসটি হাসান ও সহীহ। নাফি (রহঃ) ও ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু এর বারাতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে এইরূপ রিওয়ায়াত করেছেন যে, তিনি ইরশাদ করেছেন জামা'আতের সালাত একা সালাতের তুলনায় সাতাশগুন অধিক মর্যাদ রাখে। তবে সাধারাণভাবে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে এই বিষয়ে যা বর্ণিত আছে তাতে পঁচিশগুন অধিক মর্যাদার কথা উল্লেখিত হয়েছে। ইবনু উমর রাদিয়াল্লাহু আনহু-ই সাতাশগুন অধিক হওয়ার কথা উল্লেখ করেছেন।

## English

Ibn Umar narrated that :
Allah's Messenger said: "Salat in congregation is twenty-seven degrees more virtuous than a man's Salat alone."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17404

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন